

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

প্রকল্প পরিচালকের কার্যালয়
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.০৭.০১০.২২.০২০

তারিখ: ০৪/০৩/২০২৪খ্রি.

বিষয়: ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ এবং
২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ মার্চ ২০২৪, রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচীর সাথে সমন্বয় করে অনুষ্ঠান বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত দিক-নির্দেশনা প্রদান করা হলো-

০১। আগামী ১৭ মার্চ ২০২৪ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৪ উপলক্ষ্যে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের সকল মডেল ও সাধারণ রিসোর্স সেন্টারে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।

০২। প্রকল্পের প্রাক-প্রাথমিক, বয়স্ক কুরআন শিক্ষা এবং সহজ কুরআন শিক্ষা কেন্দ্রসমূহে ১৭ মার্চ রবিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহিদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দু'আর আয়োজন করতে হবে। অনুরূপভাবে মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে ২৬ মার্চ, মঙ্গলবার প্রকল্পের প্রাক-প্রাথমিক, বয়স্ক কুরআন শিক্ষা এবং সহজ কুরআন শিক্ষা কেন্দ্রসমূহে স্বাধীনতা যুদ্ধে আত্ম-উৎসর্গকারী সকল শহিদদের রুহের মাগফিরাত কামনা করে দু'আ করতে হবে। এজন্য কেন্দ্র প্রতি ২০০/- (দুইশত) টাকা বরাদ্দ প্রদান করা হলো যা শিক্ষকদের ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে।

০৩। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক উপজেলা পর্যায়ে অনুষ্ঠানের সাথে সমন্বয় করে ১৭ মার্চের অনুষ্ঠান বাস্তবায়নের জন্য উপজেলা পর্যায়ে ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং ২৬ মার্চের অনুষ্ঠান বাস্তবায়নের জন্য ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা বরাদ্দ প্রদান করা হলো। ব্যানার, প্ল্যাকার্ড, ফেস্টুন তৈরী করে ১৭ মার্চ সকাল ১০.০০টায় প্রকল্পের শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে র্যালী করতে হবে। বরাদ্দ অনুযায়ী খরচ করে বিল-ভাউচারের আয়কর ও ভ্যাট বিধি মোতাবেক কর্তন করে জমা কপিসহ মূল বিল-ভাউচার প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। বিলের ছায়ািলিপি স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। আগামী ৩০ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনার আলোকে আগামী ১৭ মার্চ ২০২৪ এবং ২৬ মার্চ ২০২৪ জাতীয় দিবসের অনুষ্ঠান/কর্মসূচী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।


(এএসএম শফিউল আলম তালুকদার)
প্রকল্প পরিচালক(যুগ্মসচিব)
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ফোনঃ ০২-৮১৮১৫২২

১। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।
..... বিভাগীয় কার্যালয়
২। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
..... জেলা কার্যালয়।